উম্মাহর ঘাড়ে চেপে বসা এ জাতীয় গাদ্দাররা আর যাই হোক, উম্মাহর অভিভাবক বা সুলতান হতে পারে না। কারণ এরা উম্মাহর চিন্তা-চেতনা, ইতিহাস-ঐতিহ্য, জান-মাল ও ইজ্জত-আব্রুর সাথে প্রতিনিয়ত খেয়ানত করে যাচ্ছে। ইসলাম ও মুসলমানদের শত্রুদের সাথে আঁতাত করছে এবং কাফেরদের এজেন্ডা মুসলিম ভূমিগুলোতে বাস্তবায়ন করে যাচ্ছে। এদের বাস্তবতা হলো, যখন এরা মুমিনদের সাথে মিশে তখন বলে, আমরা তো বেশ ঈমানদার। আবার যখন কুফফার নেতাদের সাথে মিশে তখন বলে, আমরা মূলত তোমাদের সাথেই আছি। আল্লাহ তাআলা পবিত্র কুরআনে এদের অবস্থা আগেই প্রকাশ করে দিয়েছেন।

وَإِذَا لَقُوا الَّذِينَ آمَنُوا قَالُوا آمَنَّا وَإِذَا خَلَوْا إِلَىٰ شَيَاطِينِهِمْ قَالُوا إِنَّا مَعَكُمْ إِنَّمَا نَحْنُ مُسْتَهْزِئُونَ

"যারা ঈমান এনেছে; তাদের সাথে যখন এরা মিলিত হয়, তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন নিজেদের শয়তানদের (নেতৃবর্গের) সাথে একান্তে মিলিত হয়, তখন বলে, আমরা তোমাদেরই সঙ্গে আছি। আমরা শুধু তামাশা করছিলাম।" -সূরা বাকারা: ১৪

আল্লাহ তাআলা সমস্ত মুনাফিক থেকে এ উম্মাহকে পরিত্রাণ দান করুন। আমীন!

ধর্ম যার যার, উৎসব সবার:

একটি মারাত্মক কুফরী স্লোগান

রাশেদ মাহমুদ

তাওহীদের কালেমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলার মাধ্যমে 'লা ইলাহা' বলে প্রথমেই আমরা সমস্ত তাগুতকে প্রত্যাখান করি। সকল মিথ্যা মা'বুদ, মিথ্যা ইলাহকে অস্বীকার করেই তারপর আমরা বলি 'ইল্লাল্লাহ'– আল্লাহ'ই হচ্ছেন একমাত্র ইলাহ। সুতরাং তাওহীদের মূল ভিত্তি হলো দুটি– কুফর বিত তাগুত (তাগুতকে অস্বীকার করা) এবং ঈমান বিল্লাহ (আল্লাহর উপর বিশ্বাস স্থাপন করা)।

পবিত্র কুরআনে আল্লাহ তাআলা ইরশাদ করেন–

لَا إِكْرَاهَ فِي الدِّينِ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى لَا انْفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

"দ্বীনের মধ্যে জবরদস্তির অবকাশ নেই, নিশ্চয়ই হিদায়াত গোমরাহী হতে সুস্পষ্ট হয়ে গেছে। কাজেই যে ব্যক্তি তাগুতকে অস্বীকার করল এবং আল্লাহর প্রতি ঈমান আনল, নিশ্চয়ই সে এক মজবুত হাতল আঁকড়ে ধরল, যা ভেঙে যাওয়ার নয়। আল্লাহ সবকিছু শোনেন এবং সব কিছু জানেন।" -সূরা বাকারা: ২৮৬

দুনিয়াতে আল্লাহ তাআলা যত নবী-রাসূল প্রেরণ করেছেন, তাঁরা সকলেই স্বীয় উম্মতের কাছে মহান আল্লাহর পক্ষ থেকে তাওহীদের এক সুস্পষ্ট মৌলিক বার্তা পৌঁছিয়ে দিয়েছেন। আল্লাহ তাআলা বলেন–

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

"প্রত্যেক জাতির কাছে আমি রাসূল পাঠিয়েছি (এ সংবাদ দিয়ে) যে, তোমরা আল্লাহর ইবাদত করো এবং তাগুতকে বর্জন করো।" -সূরা নাহ্‌ল: ৩৬

একজন বান্দা ঠিক তখনই তাওহীদের বিশ্বাসে বিশ্বাসী হিসেবে পরিগণিত হবে, যখন সে সকল প্রকারের তাগুতকে বর্জন করে একমাত্র আল্লাহর ইবাদত করবে। তাগুতকে আঁকড়ে থাকা আবার আল্লাহকেও রব মানা, পরস্পর বিপরীত এ দু'টি বিষয় একই ব্যক্তির মাঝে যুগপৎ হতে পারে না। যে ব্যক্তি পরিপূর্ণভাবে আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে, সে অবশ্যই বিশ্বাসে, কথায়-কাজে সকল প্রকার তাগুতকে বর্জন করবে। সে কখনোই তাগুতের প্রতি সহনশীল হবে না এবং কোনোভাবেই তাগুতের প্রতি নমনীয়তা প্রদর্শন করবে না।

পক্ষান্তরে যারা তাগুতের প্রতি সহনশীলতা ও নমনীয়তা প্রদর্শন করে থাকে, তাগুতকে মান্য করে চলে। তারা তাওহীদের বিশ্বাসে বিশ্বাসী হিসেবে পরিগণিত হবে না।

সমাজে যত প্রকার তাগুত রয়েছে, এর মাঝে কিছু কিছু তাগুত আছে; যেগুলোকে সাধারণ মুসলমানগণ সহজে তাগুত হিসেবে নিরূপণ করতে পারে না। কারণ, এ তাগুতরা হাজ্জ-উমরার মতো দৃশ্যত কিছু ইবাদত-বন্দেগীতে শামিল হয়। যে কারণে এদেরকে তাগুত হিসেবে চিনতে সাধারণ মুসলমানের একটু সময় লাগে। যেমন গণতন্ত্রের ধ্বজাধারী হাসিনা-খালেদারা ও বর্তমান বিশ্বের অধিকাংশ শাসকবর্গ– এরা এক প্রকার তাগুত। কেননা এরা

নিজেদের খেয়াল-খুশির অনুগামী হয়ে আইন প্রণয়ন করে নিজেদেরকে রবের আসনে সমাসীন করেছে, অর্থাৎ তাগুতে পরিণত হয়েছে। এরা মানুষকে তাদের মনগড়া আইন মানতে বাধ্য করছে। আর যেসব তাগুতকে মুসলমানগণ খুব সহজে চিনতে পারে, এর মধ্যে সবচেয়ে প্রকাশ্য তাগুত হলো– ঐসব মূর্তি যেগুলোর পূজা করা হয়।

কিন্তু বড়ই আফসোস ও পরিতাপের বিষয় হলো, এ ধরনের প্রকাশ্য তাগুতের ইবাদত করা হয় যেসব অনুষ্ঠান কিংবা পূজা মণ্ডপে, আল্লাহর সাথে শিরক করা হয় যেসব উৎসবে; আজ সেখানে উপস্থিত হয়ে আনন্দ-উল্লাস করা, সেলফি তোলা, নাচগানে মেতে উঠাকে এক শ্রেণীর ঈমানহারা মূর্খ-জাহেল সম্প্রীতির বহিঃপ্রকাশ আখ্যা দিচ্ছে।

আল্লাহর সাথে প্রকাশ্যে শিরক করা হচ্ছে, তাগুতের ইবাদাত করা হচ্ছে, ঈমানের সম্পূর্ণ বিপরীত কাজ চলছে; অথচ সেখানে মুসলমানদের উপস্থিত হওয়াকে বলা হচ্ছে পারস্পরিক সৌহার্দ-সম্প্রীতি!! (নাউযুবিল্লাহ মিন যালিক)

বস্তুত মুসলমানদের ঈমান ধ্বংস করার জন্যই নাস্তিক-মুরতাদরা স্লোগান তৈরি করেছে– ধর্ম যার যার, উৎসব সবার। আর এরা ঠিক তখনই এসব স্লোগান জোরালোভাবে প্রচার করতে থাকে, যখন বিধর্মীদের শিরকী উৎসব চলতে থাকে। ধর্ম যার যার, উৎসব সবার– এ কথায় বিশ্বাসী কোনো ব্যক্তি কিছুতেই মুমিন হতে পারে না। কারণ, একজন মুমিন কখনোই আল্লাহর সাথে শিরক করাকে নিজেদের উৎসব মানতে পারে না, সেখানে উপস্থিত হয়ে আনন্দ প্রকাশ করতে পারে না, শুভেচ্ছা বিনিময় করতে পারে না। একজন প্রকৃত মুমিনের অন্তরে সদা-সর্বদাই কুফর-শিরকের প্রতি চরম ঘৃণা থাকবে। সে তাগুতকে বর্জন করবে, কুফর-শিরকের বিরোধিতা করবে এবং শিরকের শিকড়কে সমাজ থেকে উপড়ে ফেলতে সর্বদা সচেষ্ট থাকবে।

সুতরাং ধর্ম যার যার, উৎসব সবার– এমন কথা বলে যারা দুর্গাপূজার মতো কঠিন শিরককে নিজেদের উৎসব বানিয়ে নিয়েছে; নিঃসন্দেহে তারা কুফর-শিরকে লিপ্ত। তারা নিজেদেরকে ঈমানের গণ্ডি থেকে বের করে নিয়েছে এবং কুফরের মাঝে প্রবেশ করেছে।

অতি সম্প্রতি এ দেশের তাগুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধর্ম যার যার, উৎসব সবার– এ মন্ত্রে উজ্জীবিত হয়ে সবাই একসঙ্গে উৎসব পালনের অর্থাৎ দুর্গাপূজায় অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছে।

গত কয়েক দিন পূর্বে দুর্গাপূজা উপলক্ষে দেওয়া এক বাণীতে শেখ হাসিনা বলেন, 'ধর্ম যার যার, উৎসব সবার– এ মন্ত্রে উজ্জীবিত হয়ে আমরা সবাই একসঙ্গে উৎসব পালন করব। সবাই মিলে যুদ্ধ করে বাংলাদেশ স্বাধীন করেছি। তাই এ দেশ আমাদের সবার।'

বাণীতে প্রধানমন্ত্রী হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা উপলক্ষে দেশের হিন্দু ধর্মাবলম্বী সব নাগরিককে আন্তরিক শুভেচ্ছা জানান। শেখ হাসিনা বলেন, 'দুর্গাপূজা শুধু হিন্দু সম্প্রদায়ের উৎসবই নয়, এটি আজ সর্বজনীন উৎসবে পরিণত হয়েছে। অশুভ শক্তির বিনাশ এবং সত্য ও সুন্দরের আরাধনা শারদীয় দুর্গোৎসবের প্রধান বৈশিষ্ট্য।'

প্রধানমন্ত্রী বলেন, 'বাঙালির হাজার বছরের ঐতিহ্য সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন অটুট রেখে সবার সম্মিলিত প্রচেষ্টায় রূপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে আমরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণে সক্ষম হব।' শেখ হাসিনা শারদীয় দুর্গোৎসব উপলক্ষে হিন্দু ধর্মাবলম্বীসহ সব নাগরিকের শান্তি, কল্যাণ ও সমৃদ্ধি কামনা করেন। - প্রথম আলো (!)

ইতঃপূর্বে শেখ হাসিনা আরও বহু বার বিভিন্ন ধরনের ঈমান বিধ্বংসী স্লোগান দিয়ে কুফর-শিরকের প্রতি নিজের বিশ্বাসের বহিঃপ্রকাশ দেখিয়েছিল। এত কিছুর পরও এ দেশের এক শ্রেণীর আলেম-উলামা শেখ হাসিনার প্রতি বেশ মুগ্ধই বটে। কেউ তো তাকে নিজেদের উলুল আমর বলেও গর্ববোধ করেন, তাকে মান্য করা ওয়াজিব বলেন। আবার এমন লোকও আছে, যারা শেখ হাসিনার নেতৃত্বে জিহাদ করার স্বপ্ন দেখেন, শেখ হাসিনার সাথে হাউজে কাউসারে পানি পানের আশা রাখেন। শেখ হাসিনা নিজেকে দুর্গাপ্রেমী, মূর্তিপূজারী রূপে পেশ করে অন্যদেরকেও এ শিরকের দিকে আহ্বান করে বলেছে, 'দুর্গাপূজা শুধু হিন্দু সম্প্রদায়ের উৎসবই নয়, এটি আজ সর্বজনীন উৎসবে পরিণত হয়েছে। অশুভ শক্তির বিনাশ এবং সত্য ও সুন্দরের আরাধনা শারদীয় দুর্গোৎসবের প্রধান বৈশিষ্ট্য।' অথচ শেখ হাসিনার অনুসারী উলামায়ে সূ'রা এসব জেনেও এ ব্যাপারে কোনো কথা বলছে না; কারণ তাদের চোখে শেখ হাসিনা তো পূর্ব থেকেই একজন রাবেয়া বসরী তুল্য আবেদা!! তবুও আমরা আশা করি, এবার ফরিদ গংরা নিজেদের শেখ রাবেয়া বসরীর ব্যাপারেও একটা ফতোয়া (!) সংকলন করবেন!

পরিশেষে, এ দেশের মুসলিম জনসাধারণের প্রতি আহ্বান– আসুন, ঈমানের মতো মহা দৌলতের ব্যাপারে আমরা সতর্ক থাকি। সব ধরনের তাগুতকে বর্জন করে তাওহীদের বিশ্বাসে অটল-অবিচল থাকি। আমরা তাওহীদ বিরোধীদের সে কথাই বলবো, যা ইবরাহীম আ. ও তাঁর সঙ্গী-সাথীগণ তাগুতের গোলামদেরকে বলেছিলেন। আল্লাহ তাআলা পবিত্র কুরআনে ইরশাদ করেন–

قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَه

''ইবরাহীম ও তাঁর সঙ্গী-সাথীদের মধ্যে তোমাদের (মুমিনদের) জন্য আছে উত্তম আদর্শ। যখন তাঁরা তাঁদের সম্প্রদায়কে বলেছিল– তোমাদের সঙ্গে আর আল্লাহকে বাদ দিয়ে তোমরা যাদের ইবাদাত করো, তাদের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই। আমরা তোমাদেরকে প্রত্যাখ্যান করছি। আমাদের আর তোমাদের মাঝে চিরকালের জন্য শত্রুতা ও বিদ্বেষ শুরু হয়ে গেছে, যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আনবে।" -আল মুমতাহিনা: ৪

মাজলুমানের কথা– যা শুধুই অশ্রু ঝরায়...

এক.

মাত্র এক মাস বয়সের সন্তান। মা তাকে নিয়ে সৌভাগ্যের স্বপ্ন দেখেন। আজকের নিপীড়িত-নিগৃহীত এ সন্তান বড় হয়ে এক দিন দেখতে পাবে নতুন আরাকান! এ জন্যই হয়তো মা আদর করে সন্তানের নাম রাখলেন মাসউদ– সৌভাগ্যবান। হিংস্র হায়েনার পাশবিকতা থেকে বাঁচতে মা হামিদা এ ছোট্ট সন্তানকে কোলে নিয়েই দীর্ঘ পথ অতিক্রম করে আরাকান থেকে পালিয়ে এসেছেন। শিশু মাসউদকে নিয়ে আসতে পেরেই তিনি বেশ খুশি হলেন। কিন্তু নাফ নদের এপার আসতেই আদরের মাসউদ ওপারে চলে যায়। নাফ নদের ওপারে নয়; একেবারে দুনিয়ার ওপারে। যারা একবার চলে গেলে আর ফিরে আসে না। মৃত মাসউদকে জড়িয়ে ধরে বার বার চুমো দিচ্ছিলেন মমতাময়ী মা। এ যে শেষ বিদায়ে শেষবার মায়ের বুকে টেনে নেওয়া! মা কিছুতেই মেনে নিতে পারছিলেন না– আদরের ছোট্ট মাসউদের মাকে একাকী রেখে এভাবে চলে যাওয়া!

দুই.

মাত্র ২৫ দিন বয়সী এক শিশু। চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসারত। আগুনে দগ্ধ তার শরীর। দগ্ধ এ ছোট্ট শিশু সাইফুল আরমান জানে না, তার অপরাধ কী? কেন তার শরীরের বিভিন্ন অংশ পুড়ে ঝলসে গেছে? ধিক! বিশ্ব বিবেক। ধিক! মানবাধিকারের সব ধ্বজাধারী। শিশুটির জন্ম আরাকানের আকিয়াব জেলার জোফরান এলাকায়। মিয়ানমারের হিংস্র সেনারা তাদের ঘরে আগুন লাগিয়ে দিলে এ শিশুটি পুড়ে ঝলসে যায়। আর পুড়ে যাওয়া এ সন্তানকে নিয়ে মা উম্মে জামিলা জীবন বাঁচাতে পালিয়ে আসেন বাংলাদেশে। তাকে নিয়ে আসতে পেরে সেদিন তিনি খুব খুশি ছিলেন; কিন্তু এক সপ্তাহ অতিবাহিত না হতেই সে সন্তান চলে গেল না ফেরার দেশে। সদ্যোজাত শিশুর মৃত্যুকে এখন কোনোভাবেই মেনে নিতে পারছেন না মা। চমেক হাসপাতালের বার্ন ইউনিটে মত্যুবরণ করে এক মাস বয়সী শিশু আরমান। মৃত সন্তানকে ধরে রোহিঙ্গা নারী উম্মে জামিলার আর্তনাদে বাকিরাও তখন কান্না থামাতে পারছিলেন না।

যে সন্তানের জন্য মা টানা তিন দিন পায়ে হেঁটে মগেরমুল্লুক থেকে বাংলাদেশে এসেছেন, সে সন্তান আজ মাকে ছেড়ে চলে গেলেন। মা উম্মে জামিলা বলছিলেন, “আগুনে পোড়া সন্তানকে নিয়ে আমি আর আমার স্বামী অচেনা পথে পা বাড়িয়েছিলাম। সেনাদের নৃশংসতার হাত থেকে নিজেরা বাঁচতে, একমাত্র সন্তানকে বাঁচাতে বাংলাদেশে ছুটে এসেছি। ওই সময় নিজে অভুক্ত ছিলাম। তিন দিন পায়ে হেঁটে আসার সময় ক্ষুধার যন্ত্রণায় চিৎকার করেছি। কিন্তু কোনো খাদ্য পাইনি। তবুও সন্তানের চেহারা দেখে সব কষ্ট সহ্য করে সীমান্ত পাড়ি দিয়েছি।” সেই মা আরও বলছিলেন, “প্রথম যেদিন জানতে পারলাম, আমার সন্তান হবে। এরপর থেকে দুনিয়াতে বেঁচে থাকার প্রবল ইচ্ছা জাগল। আমার সন্তান হবে, সেটা ভেবে অনেক সময় আনন্দ লাগতো। সন্তানের জন্য অসুস্থ শরীর নিয়ে আমি রাতদিন হেঁটেছি। শুধুমাত্র সন্তানকে বাঁচানোর জন্য। অথচ সে সন্তান আমাকে রেখে চলে গেছে। আমি কিভাবে বেঁচে থাকবো?

বাবা আব্দুন-নূর বলেন, “আল্লাহ আমাকে সন্তান দান করেছেন, তিনি নিয়ে গেছেন। তাই আমি ধৈর্য ধরেছি। তবে এখন আমার চাওয়া, রোহিঙ্গারা যেন নির্যাতন থেকে রেহাই পায়। নিজ দেশে যেন রোহিঙ্গারা আবারো ফিরে যেতে পারে।”

তিন.

কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে আশ্রয় নেওয়া কয়েকজন নারী। মিয়ানমারের রাখাইন রাজ্যে সর্বশেষ সহিংসতার পর এখন পর্যন্ত প্রায় ৪ লাখেরও অধিক রোহিঙ্গা মুসলিম বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বেগম বাহার সেই অসহায় মানুষদেরই একজন। কাঁটা ভরা ঝোপ-জঙ্গলের দুর্গম পথে খালি পায়ে টানা তিন দিন হাঁটার পর নাফ নদ পার হয়ে বাংলাদেশে প্রবেশ করেন তিনি। এ পুরো তিন দিনে একটা কাপড় দিয়েই তার পিঠের সাথে বাঁধা ছিল আট মাসের শিশু। ক্ষুধার তাড়নায় গাছের পাতা খেয়ে কোনো রকম যন্ত্রণা লাঘব করেছিলেন। আর পাহাড়-জঙ্গলের মধ্য দিয়ে বয়ে যাওয়া নদীর নোনা পানি পান করে পিপাসা মিটিয়েছেন।

মিয়ানমার থেকে পালিয়ে এসে উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পে আশ্রয় নেওয়া আরেক নারী হামিদা খাতুন। তার কথার দ্বারাই বোঝা যায়, গত তিন মাসে মুসলিম নারীদের উপর বর্মী বর্বর সেনাদের নৃশংসতা কতটা ভয়ঙ্কর ছিল! তিনি বলেন, “প্রতি রাতে মিয়ানমারের সেনারা ঘরের দরজায় এসে কড়া নাড়তো। কারোর ঘরে সুন্দরী মেয়ে থাকলেই তাকে টেনে জঙ্গলে নিয়ে গণধর্ষণ করতো। যাদের ভাগ্য ভালো তাদের অর্ধমৃত অবস্থায় গ্রামের রাস্তায় ফেলে দিয়ে যেতো। আর নয়তো গলার নলি কেটে জঙ্গলেই ফেলে রেখে দিতো।”

চার.

১৭ সেপ্টেম্বর, ২০১৭ । রোহিঙ্গা এক যুবক বেনাপোল হয়ে ট্রেন যোগে নারায়ণগঞ্জে এসে পৌঁছল। হাসপাতালে ভর্তি আহত এ রোহিঙ্গা যুবক পুলিশকে দেখেই আতঙ্কিত হয়ে পড়ে। কারণ তারা দেখেছিল, এমন লোকেরাই তো নিষ্ঠুর বর্বরতা চালায়। এ সময় হাসপাতালের এক কর্মকর্তা তাকে বোঝাতে চেষ্টা করেন, এ সব পুলিশ সদস্যরা নিরাপদ (অর্থাৎ অত্যাচারী বর্মী সেনা নয়)। ওরা তোমার উপকার করতে এসেছেন। কিন্তু সে মানতে নারাজ। পুলিশ সদস্যদের বিধর্মী বার্মার লোক ভেবে হাসপাতালে শঙ্কিত হয়ে পড়ে সে। পুলিশের দিকে তাকিয়ে সে বলতে থাকে– 'তোমরা মুসলিম না। তোমরা আমাকে মেরে ফেলবে।' রোহিঙ্গা যুবক আবদুল্লাহ জানায়, 'তার ছোট বোনকে তার চোখের সামনে নির্যাতন করে মেরে ফেলা হয়েছে। মাকে ফ্যানের সাথে ঝুঁলিয়ে দু'টুকরো করা হয়েছে। পরিবারের সবাইকে হত্যা করা হয়েছে। তাকেও গলা কেটে হত্যার চেষ্টা করা হয়েছে। কিন্তু সে পালিয়ে বাঁচতে সক্ষম হয়েছে।'

ছয়.

বৃদ্ধা বেগম জান, বয়স পঁয়ষট্টি বছর। বৌদ্ধ সন্ত্রাসীদের বর্বরতা থেকে বাঁচার জন্য তিনিও অন্যান্যদের সাথে পালিয়ে এ দেশে ছুটে এসেছেন। তিনি নিজের ভয়াবহ অভিজ্ঞতার কথা বর্ণনা করছিলেন, 'আমার পুরো জীবনটাই তো একটা সংগ্রাম! পঁচিশ বছর আগে যখন আমার স্বামী মারা গেলো, তারপর থেকে আমি গ্রামের রাস্তায় রাস্তায় ভিক্ষা করে খাই। ততদিনে অবশ্য আমার দুই মেয়ের বিয়ে দিয়েছিলাম, তাই এ বৃদ্ধার ভার বইবার মতো পাশে কেউ ছিলো না। একরাতে ভীষণ গোলাগুলি আর বোমা বিস্ফোরণের শব্দে ঘুম ভেঙে গেল। ভয়ঙ্কর সে শব্দ! আমি তা সহ্য করতে পারলাম না। সেদিনের পর থেকে আজ অবধি আমি ঠিক মতো ঘুমাতে পারি না, আজও মৃত্যুর সে শব্দ আমাকে তাড়া করে ফেরে। সবাই গ্রাম ছেড়ে পালিয়ে যাচ্ছিল। আমিও তাদের সাথে পালানোর পথ ধরলাম। আসতে আমার মন সায় দিচ্ছিল না, কিন্তু আর উপায় কী? বাংলাদেশে আসতে দু'দিন সময় লেগেছে। আমি এমনিতে হাঁটতে পারি না, লাঠি দিয়ে হাঁটতে হয়। শত শত মানুষ প্রাণের ভয়ে পালাচ্ছিল; কিন্তু আমাকে সাহায্য করার মতো কেউ পাশে ছিল না। সবাই নিজের আর নিজের পরিবারকে বাঁচাতে ব্যস্ত। যখন নৌকা পার হচ্ছিলাম, মিলিটারি জাহাজের শব্দ শুনে আমার আত্মার পানি শুকিয়ে গিয়েছিল।

এখন আমি বাংলাদেশে; কিন্তু আমার ভয় হয়, মিলিটারিরা বোধ হয় এখানেও চলে আসবে! এখন পর্যন্ত অন্তত এটুকুতে স্বস্তি পাচ্ছি যে, সেই ভয়ঙ্কর গোলাগুলি আর বিস্ফোরণের শব্দ আর শুনতে হচ্ছে না।

মিয়ানমারের বাহিরের পৃথিবী হতে আমরা প্রচুর সাহায্য সহযোগিতা পাচ্ছি এবং আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। আমরা চাই পৃথিবীর প্রতিটা মানুষ আমাদের দুর্দশার কথা জানুক। তাতে অবশ্য বিশেষ কোনো লাভ হবে বলে মনে হয় না। আমাদের বাংলাদেশ কিংবা মিয়ানমার, কোথাও কোনো ভবিষ্যৎ নেই।'

পাঁচ.

রাখাইন রাজ্যের ফোইরা গ্রামের মাদ্রাসার ছাত্র রাহিমুল। তার লক্ষ্য ছিল, একদিন সে শিক্ষক হবে। কিন্তু আজ সে উদ্বিগ্ন-উৎকণ্ঠিত। লক্ষ্য পূরণের পথ থেকে অনেক দূরে। নিজের স্বপ্নের কথাগুলোই সে বিষণ্ন হয়ে বলে যাচ্ছিল, আমার নাম রাহিমুল মোস্তফা, বাইশ বছর বয়স। এখানে আসার আগে আমি আমার এলাকার এক মাদ্রাসায় লেখাপড়া করতাম। লেখাপড়া আমার খুবই ভালো লাগতো। পড়াতেও আমার ভালো লাগে। প্রায়ই আমি ছোটদের বিভিন্ন বিষয় শেখাতে চেষ্টা করতাম। আমার এলাকার বেশিরভাগই ছিল অশিক্ষিত। আমার ইচ্ছা ছিল, আমি শিক্ষক হবো। নিজের লেখাপড়া আর ছোটদের শেখানো, এভাবে নিজ গ্রাম ফোইরাতে দিনগুলো বেশ ভালোই কাটছিল। কিন্তু সেই সুখের দিনগুলোতে অমাবস্যা নিয়ে এল মিলিটারি বাহিনী। প্রতিদিনকার মতো রাত নেমে আসার কিছু পরেই ঘুমিয়ে পড়ে ফোইরা গ্রাম। বলা নেই কওয়া নেই, মিলিটারি বাহিনী আমাদের গ্রামে এসে বৌদ্ধদের সাথে নিয়ে নির্বিচারে গুলি চালিয়ে গণহত্যায় মেতে উঠল। তখন রাত প্রায় তিনটা বাজে। তারা পুড়িয়ে দিল আমাদের বাড়িঘর। আমাদের দেখামাত্রই তারা গুলি করছিল। তাই বাড়ি থেকে বের হওয়ার সাহস হলো না। কিন্তু তাতে আবার পুড়ে মরবার ভয়! তবু আমরা ঘরের ভেতর লুকিয়ে ছিলাম। কিছুক্ষণ পর মিলিটারিরা আমাদের বাসার সামনে এসে গুলি চালাতে শুরু করে। জানালা দিয়ে ঘরের ভেতর শোঁ শোঁ করে গুলি ঢোকার আওয়াজ পাচ্ছিলাম। এক পর্যায়ে একটা বুলেট এসে আমার বাঁ হাঁটু একেবারে ঝাঁঝরা করে দিল। সে রাতে আমাদের গ্রামে কত মানুষকে যে তারা মেরেছিল, তার সঠিক হিসাব হয়তো তাদের কাছেও নেই। আমি পালিয়ে আসার সময় আমাদের পাশের বাসার তিনজনের লাশ দেখেছিলাম।

আমার বাবা এবং ভাই আমাকে হাসপাতালে নিয়ে গেলেন। কিন্তু সেখানকার ডাক্তাররা আমার চিকিৎসা করল না, কারণ আমি রোহিঙ্গা। আমার পরিবার তাই আমাকে নিয়ে বাংলাদেশে চলে আসেন। আমি পুরোটা পথ তাদের কাঁধে ভর করে এখানে আসি। তারা দুর্গম পাহাড়ি পথ দিয়ে এসেছিল, কারণ সেখানে মিলিটারির উপদ্রব কম।

বাংলাদেশে আসার এ রাস্তাটা ছিল অনেক দীর্ঘ। তত দিনে আমার ক্ষত সংক্রমিত হয়ে পায়ের বেশ খানিকটা জায়গায় ছড়িয়ে পড়েছিল। আমার পরিবার আমার জন্য অন্য সব কিছু ফেলে চলে এসেছে। তারা সাথে করে আর কিছুই নিয়ে আসতে পারেনি। আমি আল্লাহর কাছে কৃতজ্ঞ যে, অবশেষে আমরা বাংলাদেশে পৌঁছেছি এবং এখানকার ডাক্তারগণ আমার চিকিৎসা করেছেন। তবু এখানে আমাদের কোনো আশা-ভরসা নেই। বাড়ি ফিরে যেতে পারলে আমরা অনেক ভালো থাকবো। আমরা শুধুই দেশে ফিরে যেতে চাই এবং শান্তি চাই। আমার বিশ্বাস, পুরো পৃথিবী আমাদের দেখছে এবং তারা নিশ্চয়ই আমাদেরকে আমাদের নিজ দেশে ফিরে যেতে সাহায্য করবে।

সাত.

বুচিদং-এর মিনিগিছির প্রখ্যাত আলেমে দ্বীন ও বড় পীর মোজাফফর আহমাদের পুত্র মাওলানা কুতুব উদ্দিন প্রকাশ ছোট পীরকে শুক্রবার অস্ত্রের মুখে জিম্মি করেছিল বর্মী সেনাবাহিনীর একটি দল। শুক্রবার মিনিগিছি ও নারাইংশং রোহিঙ্গা পল্লীতে সৈন্যরা অগ্নিসংযোগের আগেই জিম্মি করে এ পীরকে। তার পুরো পরিবারকে প্রাণ নাশের হুমকি দিয়ে মিথ্যা জবানবন্দি দিতে বাধ্য করে সেনারা। ঘন্টাখানেক জিম্মি করে রাখার পর পীরকে একটি খোলা জায়গায় নিয়ে আসে সৈন্যরা। পীরের সাথে আরও সাত-আটজন রোহিঙ্গা ছিল। এ সময় বর্মী সেনারা পীরকে চারদিক থেকে ঘিরে রাখে। বাড়িতে পীরের পরিবারকেও জিম্মি করে রাখে। পরে ক্যামেরা ও মাইক্রোফোন নিয়ে সাংবাদিকের ভূমিকায় এক সেনা সদস্য পীরের কাছে জানতে চায়, এখানে কে বা কারা বোমা বিস্ফোরণ ঘটিয়েছে? প্রতিকূল পরিবেশ ও অনেক মানুষের জীবন বাঁচানোর তাগিদে সৈন্যদের শিখিয়ে দেওয়া মিথ্যা কাহিনী বলতে বাধ্য হয় পীর।

আমতা আমতা করে কুতুব পীর বলেন, “আমি এখানে মাসজিদ-মাদরাসায় থাকি এবং পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের মাধ্যমে প্রভুর প্রার্থনা করি। এখানে অনেক মানুষ বসবাস করে। এখানকার মানুষ খারাপ লোকদের পছন্দ করে না। আজ ২২ তারিখ সকাল ১০টা ২০ মিনিটে এখানে একটি বিস্ফোরণ ঘটে এবং একটি বোমা উদ্ধার হয়েছে। আমার ধারণা এটি খারাপ লোকেরা করেছে। তারা ইতিপূর্বে আমাদের ডেকেছিল। কিন্তু আমরা যাইনি। তাই আমাদের ধর্মকর্মের কাজ হয়তো পছন্দ না করে আমাদেরকেও খারাপ বানানোর জন্য এ কাজ করেছে।” এভাবেই আরসার বিরুদ্ধে কথা বলিয়ে মিয়ানমার বর্বর সেনারা মুসলিম জনসাধারণের কাছে আরসার গ্রহণযোগ্যতা নষ্ট করার ষড়যন্ত্র করে।

ক্যামেরার সামনে পীর সাহেব হয়তো আরও অনেক মিথ্যা বলতে বাধ্য হয়েছেন। পীরের সব কথা অবশ্য প্রকাশ করেনি সেনা কর্তৃপক্ষ। আরসা সংক্রান্ত মূল কথাগুলো বার্মিজ সাব টাইটেল দিয়ে গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করেছে তারা।

আট.

কুতুপালং এর শেষ সীমায় একজনের দেখা মিলল, যে শাহপরীর জলদস্যুদের নির্যাতন স্বচোক্ষে দেখেছে। তার কাছ থেকে জানলাম, তাদের সাথে নৌকার মাঝিদের পাঁচ হাজার টাকা চুক্তি হয়েছিল শাহপরী দ্বীপে পৌঁছে দেওয়ার জন্য। নৌকাতে উঠার সময় তাদের কাছ থেকে পাঁচ হাজার টাকা করে নিয়ে নেওয়া হয়। কিন্তু এ জলদস্যুগুলো সাগরের মাঝ পথে এসে নৌকার ইঞ্জিন বন্ধ করে দেয়। মহিলাদের কানের দুল, নাকের ফুল থেকে শুরু করে সব খুলে নিয়ে নেয়। পুরুষদের একটি লুঙ্গি ছাড়া আর কোনো কিছু তারা অবশিষ্ট রাখে নাই। হাঁড়ি-পাতিল থেকে শুরু করে গরু ছাগল যা রোহিঙ্গারা সাথে এনেছিল, সব কিছুই মাঝি নামক জলদস্যুরা কেড়ে নেয়।

আরও জানতে পারলাম, নৌকার মাঝিরা শাহপরী দ্বীপের তীরে না এসে সাগরের মাঝে গলা পানিতেই তাদের সবাইকে লাথি মেরে ফেলে দেয়। বড়রা চলে আসতে পারলেও শিশুরা সবাই আসতে পারেনি। কারণ বড়দের গলা পানি শিশুদের ডুবে মরার পানি। আর যেসব মহিলার সাথে কয়েকটা বাচ্চা আছে। তারা একজনে আর কয়জনকে আনবে? হয়তো দুই একজন বাচ্চাকে আনতে পেরেছে আর বাকিদের সাগরে কোরবান করে দিয়ে এসেছে। সেই ভাই জানালেন, তাদের নৌকারই কয়েক জন শিশু শাহপরী দ্বীপের তীরে মারা গেছে। সোশ্যাল মিডিয়াতে একজন বোনের উপুড় হয়ে পড়ে থাকা মৃত দেহের ছবি আমরা অনেকেই দেখেছি। নিশ্চিত বলা যায়, ওই বোনকে কোনো মগ বা নাসাকা হত্যা করে নাই, তাকে শাহপরীর মাঝি নামক জলদস্যুরাই হত্যা করেছে।

নয়.

২১-০৯-১৭ বৃহস্পতিবার বিকালের দিকে বাংলাদেশের ঘুমধুম সীমান্ত দিয়ে রাখাইনের তমব্রু এলাকায় প্রবেশ করেন বাংলাদেশের একজন সাংবাদিক। আর তিনি সন্ধ্যার আগেই সেখান থেকে ফিরে আসেন। সেখানে তিনি দুই ঘন্টা অবস্থান করে পাঁচটি পাড়া ঘুরে দেখেন। বৌদ্ধ সন্ত্রাসীদের নৃশংসতাতে পুড়ে যাওয়া বাড়ি-ঘরের ছবি তোলেন, ভিডিও করেন।

আর তিনি ফিরে আসার ঠিক আগেই ওই এলাকার একটি গ্রামে আগুন লাগানো হয়। তিনি বলেন, “এর আগেও আমি রাখাইনে প্রবেশের চেষ্টা করেছি। নিরাপত্তার দিক নিশ্চিত না হওয়ায় প্রবেশ করতে পারিনি। বৃহস্পতিবার দুপুরে প্রথম দফা চেষ্টা করে ব্যর্থ হওয়ার পর দ্বিতীয় দফায় আমি সফল হই। নির্যাতনের মুখে ঢলের মতো রোহিঙ্গারা মিয়ানমার থেকে বাংলাদেশে আসছে। আমি কক্সবাজার থেকে রিপোর্ট করছি। ইচ্ছা ছিল নির্যাতনের উৎসমূলে যাওয়ার। দেখবো কী হয়েছে সেখানে? আমি বান্দরবনের নাইখ্যংছড়ি দিয়ে প্রবেশ করি। নো-ম্যান্স ল্যান্ড পার হলেই রাখাইনের তমব্রু।

আমি ওপারে গিয়ে যত সামনের দিকে এগিয়েছি, ততই ধ্বংসের চিত্র পেয়েছি। বাড়িঘরগুলো ভাঙা। মাটির দেয়াল দাঁড়িয়ে আছে। আসলে ওই বাড়িগুলো পুড়িয়ে দেওয়া হয়েছে। বৃষ্টির কারণে ছাই ও আগুনের আলামত ধুয়ে গেছে। তাই মনে হয় যেন ঘরবাড়ি ভেঙে ফেলা হয়েছে। ঘরগুলোতে লুটপাটের প্রমাণও স্পষ্ট। আসবাবপত্র পড়ে আছে। ধানের গোলা, কাপড়-চোপড় ছড়িয়ে-ছিটিয়ে আছে।’

পরিশিষ্ট:

আমাদের কাছে যতটুকু সংবাদ পৌঁছেছে, আমরা ততটুকুই কেবল জানতে পেরেছি। যা আমাদের সামনে হয়েছে, তাই শুধু দেখেছি; কিন্তু আমাদের পেছনে যা হচ্ছে, সে সম্পর্কে আমরা কতটুকু অবগত? আল্লাহ সুবহানাহু তাআলা বলেন–

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِن كُنتُمْ تَعْقِلُونَ

“হে মুমিনগণ! তোমরা নিজেদেরকে ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধু রূপে গ্রহণ করো না। তারা তোমাদের অনিষ্ট করতে ত্রুটি করবে না; তোমরা কষ্টে থাকো তাতেই তাদের আনন্দ। তাদের মুখ থেকেই বিদ্বেষ প্রকাশ পেয়েছে এবং তাদের অন্তরে যা গোপন রাখে তা আরও গুরুতর। তোমাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করলাম, যদি তোমরা অনুধাবন করতে পারো।” -সূরা আলে ইমরান: ১১৮

হে আল্লাহ! আমরা যেন এ সত্য অনুধাবন করতে পারি। হে আল্লাহ! আমরা যেন আমাদের শত্রুদেরকে শত্রু হিসেবে চিনতে পারি। আমীন!

আরাকানে মুসলিম নিধন: বিশ্ব মোড়লদের ক্রিয়া-প্রতিক্রিয়া

আবু মুহাম্মাদ আব্দুল ক্বাদীর

মিয়ানমারের আরাকান রাজ্যে চলছে নির্বিচারে মুসলিম নিধন। ১৭৮৫ সাল থেকে চলে আসছে এ গণহত্যা। এ নিয়ে বহু সময় বহু ক্রিয়া-প্রতিক্রিয়া আমরা লক্ষ্য করেছি। আন্তর্জাতিক পরিমণ্ডলে কোন সময় কী প্রতিক্রিয়া হয়েছে, তার ফিরিস্তিতে বহু সময় কাটবে। তবে গত ২০ আগস্ট থেকে চলমান এ নির্মম হত্যাযজ্ঞ ও তার প্রতিক্রিয়া নিয়ে সামান্য ক্রিয়া লিখন হতে পারে।

বাংলাদেশ সরকারের কপটতাময় অবস্থান:

নিপীড়িত রোহিঙ্গা মুসলিমদের সাহায্য করার প্রতি বাংলাদেশের বেশির ভাগ মুসলমানের আবেগ-অনুভূতি দেখে তাগুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা অনুপ্রবেশে বাধা দেওয়ার সিদ্ধান্তে অটল থাকতে পারেনি। ভোট ও জন সমর্থন খোয়ানোর ভয়ে তার সরকার রোহিঙ্গাদের সাময়িক আশ্রয় দেওয়ার নতুন সিদ্ধান্ত গ্রহণ করে। কারণ এ ইস্যুটা সকল মুসলমানের নিকট পরিষ্কার। সবাই স্পষ্টত মুসলিম নিধন দেখছে। মুসলিম হিসেবে অপর মুসলিম ভাইকে সাহায্য করা একজন মুসলমানের ঈমানী দায়িত্ব। এটা সকলেই জানে। তাই আগের মতো যদি রোহিঙ্গাদের প্রবেশে বাধা দেওয়া হয়। তবে তার তাগুতী তখতে কিছুটা হলেও আঁচড় লাগবে। অগত্যা রোহিঙ্গা মুসলিমদেরকে জায়গা দিতে বাধ্য হলো তার সরকার।

গত ১২ সেপ্টেম্বর মঙ্গলবার শেখ হাসিনা সদলবলে কুতুপালং শরণার্থী ক্যাম্পে পৌঁছেন। উদ্দেশ্য যে তার ভিন্ন কিছু তা অন্তত এ দেশের মানুষ কিছুটা হলেও সঠিক অনুমান করেছেন।

২০ সেপ্টেম্বর এ তাগুত প্রধানমন্ত্রী জোর গলায় বলেন, "রোহিঙ্গা নির্যাতন বন্ধ এবং নিজ দেশের নাগরিকদের ফিরিয়ে নিতে মিয়ানমারের উপর চাপ সৃষ্টি অব্যাহত আছে।" আরও বলেছেন, "মিয়ানমারের উপর কূটনৈতিক চাপ সৃষ্টি করতেই এখন তিনি নিউইয়র্কে আছেন।"

এবার আমরা একটু খেয়াল করে দেখি, বাংলাদেশ সরকার মিয়ানমারকে কতটুকু চাপ দিচ্ছে নাকি চাপ নিচ্ছে!? ১৮ সেপ্টেম্বর মিয়ানমারের কাছ থেকে এক লাখ টন আতপ চাল কিনবে বলে চুক্তি করে বাংলাদেশ সরকার। সোমবার খাদ্য মন্ত্রণালয়ে মিয়ানমারের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খবরটির পরবর্তী অংশ আরও ভয়াবহ বটে, "মিয়ানমারের পক্ষ থেকে ওই চালের দাম বাজারমূল্যের চেয়ে বেশি চাওয়া হয়। শেষ পর্যন্ত বাংলাদেশ আতপ চাল কেনার ব্যাপারে রাজি হয়।" তাহলে নির্ণয়টা পাঠকের হাতেই থাকুক, বাংলাদেশ সরকার আরাকানের মুসলিম নিধনে কোন অবস্থানে আছে? এছাড়া আরাকানে যাঁরা মাজলুম জনতার স্বাধীনতার পক্ষে বর্বর বৌদ্ধদের বিরুদ্ধে লড়াই করছে; সেই স্বাধীনতাকামীদের বিরুদ্ধে এ সরকার মিয়ানমারকে সহায়তা করারই প্রস্তাব করেছিল।

ভারতের অবস্থান:

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সাম্প্রতিক মিয়ানমার সফরে রোহিঙ্গাদের উপর নির্যাতন নিয়ে নীরব ছিলেন। দিল্লীর এ নীতি নতুন কিছু নয়। কারণ রোহিঙ্গা ইস্যুতে ভারত বরাবরই মিয়ানমারকে সমর্থন দিয়ে এসেছে। 'দ্য ওয়ারে'র ডিপ্লোম্যাটিক এডিটরের কথায়, "এই সমর্থন এতটাই জোরালো যে, গত পনেরো বছর ধরে ভারত কখনো সরকারিভাবে রোহিঙ্গা শব্দটা ব্যবহারই করেনি। কারণ মিয়ানমার প্রশাসনের সেটা পছন্দ নয়! আর রাখাইনের অবস্থা বা মানবাধিকার পরিস্থিতি নিয়ে বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে যখনই মিয়ানমারের বিরুদ্ধে পশ্চিমা দেশগুলো কোনো প্রস্তাব এনেছে, ভারত সব সময় তার বিরোধিতা করেছে।"

তবুও গত শনিবার ভারত রাখাইন স্টেট থেকে আসা শরণার্থীদের স্রোতে উদ্বেগ ব্যক্ত করে নতুন একটি বিবৃতি জারি করে। তবে তাতেও রোহিঙ্গা শব্দটি ব্যবহার করা হয়নি। উল্লেখ ছিল না তাদের উপর ঘটে চলা নির্যাতনেরও। সবশেষে ভারত সরকার ত্রাণ পাঠাল ১৪ সেপ্টেম্বর।

ফেসবুকে একটি বিবৃতিতে শুধু রোহিঙ্গাদেরকে সমর্থন জানানোর কারণে বিজেপি নিজের দলের এক সংখ্যালঘু নেত্রীকে বরখাস্ত করে। মিয়ানমার হলো ভারতের দ্বিতীয় বৃহত্তম রপ্তানির বাজার। আরাকানে কালাদান সংযোগ প্রকল্প ও আরও নানা ক্ষেত্রে ভারতের কোটি কোটি ডলারের বিনিয়োগ আছে। তাই রোহিঙ্গাদেরকে সেখান থেকে উচ্ছেদকরণ ভারতের জন্যও ফলপ্রসু। ২১ সেপ্টেম্বর মিয়ানমারের নৌ প্রধান নয়া দিল্লী সফর করে। এ সফরে ভারত মিয়ানমারের কাছে অস্ত্র বিক্রি এবং নৌবাহিনীকে প্রশিক্ষণ দেবে বলে আশ্বাস দেয়। এক দিকে রোহিঙ্গাদের জন্য সামান্য উদ্বেগ প্রকাশ ও ত্রাণ পাঠানো। অন্যদিকে বার্মিজ সেনার সাথে অর্থনৈতিক সম্পর্ক, সামরিক ও অস্ত্র চুক্তি। এখন ভারতকে রোহিঙ্গাদের জবাব হতে পারে, রাখ তোর ভিক্ষা আগে কুত্তা সামাল।

মিয়ানমারের জ্যেষ্ঠ ভ্রাতা চীন

চীন মিয়ানমার সরকারকে রোহিঙ্গা ইস্যুতে ১৪৭ বিলিয়ন ডলার দিয়ে সাহায্য করবে। মিয়ানমারে চীনা রাষ্ট্রদূত হং লিয়াং বলেন, "তারা আরাকানে শান্তি প্রতিষ্ঠায় মিয়ানমার সরকারকে সহযোগিতা করে যাবেন!"

মিয়ানমারের ক্ষমতা দু'ভাগে বিভক্ত– মিয়ানমার সরকার ও সেনাবাহিনী। অনেকে মনে করেন, চীনের সাথে মিয়ানমার সরকারের সাথে খুব দহরম-মহরম। মিয়ানমার সেনাবাহিনীর সাথে কিছুটা বৈরী। আসলে কথাটা কতটুকু সত্য? কারণ চীনই বার্মিজ সেনাবাহিনীর সবচেয়ে বড় অস্ত্র ও সামরিক সরঞ্জাম সরবরাহকারী। আরাকানেরর রাজধানী আকিয়াবে চীন একটি নৌ ঘাঁটি নির্মাণে মিয়ানমারকে সহায়তা করছে।

জাপানের অবস্থান:

মায়ানমারের সমাজকল্যাণ মন্ত্রী সম্প্রতি জাপানের উপ-পররাষ্ট্রমন্ত্রীর সাথে একটি বৈঠকে মিলিত হন। জাপান উপ-পররাষ্ট্রমন্ত্রী হাওরি বলেন, "মিয়ানমারকে সকল ধরনের সাহায্য-সহযোগিতার যে নীতি রয়েছে জাপানের, তার কোনো পরিবর্তন হবে না। রাখাইন রাজ্যের ঘটনাবলী নিয়ে নিউইয়র্কে জাতিসংঘের সভায় আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি খুবই শক্তিশালী হয়ে উঠেছে। মিয়ানমারের বন্ধু দেশ হিসেবে জাপান এ কঠিন সমস্যার সময়ে তাদের পাশে থাকবে বলেন আইওয়া হওরি।" সহযোগিতা স্বরূপ জাপান মিয়ানমারকে ১ মিলিয়ন ডলার দেবে।

রাশিয়া ও মিয়ানমার:

রাশিয়া মিয়ানমার বন্ধু প্রতিম রাষ্ট্র। সন্দেহ নেই এ ইস্যুতেও তাদের সে বন্ধুত্ব অটুট থাকবে। আরাকানে ভয়াবহতম নির্যাতন সত্ত্বেও রাশিয়া এ ইস্যুকে মিয়ানমারের আভ্যন্তরীণ ব্যাপার বলে আখ্যা দিয়েছে। এ প্রেক্ষাপটে বাহিরের কোনো দেশের হস্তক্ষেপের বিরোধী অবস্থানে আছে তারা। মিয়ানমারে অস্ত্র রপ্তানির ক্ষেত্রে চীনের পর রাশিয়ার অবস্থান। রাশিয়া মিয়ানমারকে একটি পারমাণবিক চুল্লি তৈরিতে সাহায্য করছে এবং তার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ২০০৭ সালের জানুয়ারি মাসে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে রোহিঙ্গা হত্যা বন্ধ করার ব্যাপারে (নাটকীয়) আলোচনা উঠেছিল, তখন চীন ও রাশিয়া ভেটো প্রয়োগ করে আলোচনার পরিসমাপ্তি ঘটিয়ে দেয়।

রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র:

মানবতার একনিষ্ঠ পৃষ্ঠপোষক যুক্তরাষ্ট্র (!) রোহিঙ্গা ইস্যুতে একটি বিবৃতিও দেয়নি। বিচ্ছিন্নভাবে দু'একজন সিনেটর এ বিষয়ে কথা বললেও ট্রাম্প মানবতার তরে কিছু করবে তো দূরে থাক, একটু কথা বলতেও সময় পায়নি। রয়টার্সের সাংবাদিক মিশেল নিকোলসকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা জানান, সভাস্থল ছাড়ার পর ট্রাম্পকে তিনি কয়েক মিনিটের জন্য থামান। এ সময় ট্রাম্প বাংলাদেশের খবর জানতে চান। শেখ হাসিনা বলেন, "বাংলাদেশ খুব ভালো অবস্থায় আছে। তবে আমাদের একমাত্র সমস্যা মিয়ানমার থেকে আসা শরণার্থীরা। কিন্তু ট্রাম্প শরণার্থীদের নিয়ে কোনো মন্তব্য করেননি।"

অথচ কিছু মানুষ তাদেরকে মানবতার রক্ষক বলে দাবি করে। এখন কোথায় গেল তাদের মানবতার মৌলিক অধিকার রক্ষার আকর্ষণীয় ইশতেহার?

মূলত যুক্তরাষ্ট্র হয়তো রোহিঙ্গা মুসলিমদের পক্ষে কোনো কিছু করতে চাইছে না, কারণ তারা মুসলিম; নতুবা নতুন করে রোহিঙ্গা ইস্যুকে মুসলিম জাগরণের বিরুদ্ধে কিভাবে কাজে লাগানো যায় সে সম্পর্কে নিজেদের কর্মপন্থা নির্ধারণ করছে।

বার্মিজদের আত্মার বাঁধন ইসরাইল:

ইসরাইল মিয়ানমারের সামরিক আদান-প্রদান অনেক পুরোনো। সম্ভবত তা পঞ্চাশের দশকে শুরু হয়। এখনো সে সম্পর্কে এতটুকু চিড় ধরেনি; বরং বলা যায় দিন দিন এ সম্পর্ক অটুট ও প্রগাঢ় হচ্ছে। মিয়ানমারের ছাত্র ও সেনা অফিসারদের প্রশিক্ষণের উদ্দেশ্যে নিয়মিত ইসরাইলে পাঠানো হয়। বর্তমানে রোহিঙ্গাদের উপর রাষ্ট্রীয়ভাবে গণহত্যা ও জাতিগত নিধন চালানো মিয়ানমার সরকার ও মিলিটারিকে এখনো অস্ত্র বিক্রি করে যাচ্ছে ইসরাইল। তারা মিয়ানমার সৈন্যদেরকে হাতে-কলমে গণহত্যার পাঠ পড়াচ্ছে। ওয়াশিংটন পোস্টের মতে, ইসরাইলের কাছ থেকেও ব্যাপক পরিমাণ অস্ত্র কেনে মিয়ানমার। তবে এ লেনদেনের প্রকৃত পরিমাণ গোপন রাখা হয়।

আরাকানের উপর এ বছর একটি বই প্রকাশিত হয়েছে। ফ্রান্সিস ওয়াদে লিখিত "মিয়ানমারস এনিমি উইদিন"। বইটির একটি অধ্যায়ে দেখানো হয়েছে, কীভাবে মিয়ানমারের দাগি অপরাধীদের জেল থেকে ছেড়ে পরিত্যাগকৃত রোহিঙ্গা ভূমিতে আবাদ করতে দেওয়া হচ্ছে। এক দিকে রোহিঙ্গা বিতাড়ন অন্য দিকে বহিরাগত বর্মীদের বসতায়ন ইসরাইলের কৌশল।

রাষ্ট্রপুঞ্জ জাতিসংঘ:

ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্টের বিচার করতে অস্বীকৃতি: আরকান ন্যাশনাল রোহিঙ্গা অর্গানাইজেশনের উদ্যোগে রোহিঙ্গা ইনটেলেকচ্যুয়াল কমিউনিটি এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া ২০১৫ সালের ডিসেম্বরে মিয়ানমারের বিরুদ্ধে আইনী পদক্ষেপ নিতে আইসিসির কাছে আবেদন করে। পরে বিশ্ব ব্যাপী রোহিঙ্গা কমিউনিটির সহায়তায় গত আগস্ট মাসে পুনরায় এ ব্যাপারে পদক্ষেপ নিতে আবেদন জানায়। আগস্ট মাসেই ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্ট (আইসিসি) জানিয়ে দেয়, এটি তাদের এখতিয়ারের বাহিরের বিষয়।

নিরাপত্তা পরিষদের বৈঠকের একদিন আগেই জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধান বলেছেন, জাতিগত শুদ্ধি অভিযান বলতে যা বোঝায়, রোহিঙ্গাদের উপর মিয়ানমারের সেনাদের আক্রমণে ঠিক তাই ঘটছে। তবে নিরাপত্তা পরিষদের ভেটো ক্ষমতাধারী স্থায়ী সদস্যদের অন্যতম চীন ইতোমধ্যেই বলে দিয়েছে যে, তারা মিয়ানমারের সরকারের (তাদের ভাষায়) শান্তি ও স্থিতিশীলতা রক্ষার পদক্ষেপকে পুরোপুরি সমর্থন করে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ ভাষণ: প্রধানমন্ত্রীর বহুল প্রতীক্ষিত বক্তৃতার সময় জাতিসংঘের সাধারণ পরিষদে বেশির ভাগ আসন ফাঁকা ছিল। বিষয়টি এতই গুরুত্বহীন ছিল যে বিশ্ব মোড়লরা তা শোনারই প্রয়োজন মনে করেনি!!

জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস: জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস রোহিঙ্গাদেরকে অন্তত স্বাধীন ঘোরাফেরার অধিকার বা কাজের সুযোগ, শিক্ষা ও স্বাস্থ্যসেবা দেয়ার দাবি তুলেছেন! এ দাবি অবশ্য দাবি হয়েই পড়ে থাকবে। কারণ এ মহাসচিব মহা!! সচিব বটে; তবে কার্যত মোড়লবাজদেরই অনুগামী।

নিরাপত্তা পরিষদ: গত ২৮ সেপ্টেম্বর মিয়ানমার ইস্যুতে প্রকাশ্যে তর্ক-বিতর্ক হয়। মিয়ানমার জাতিগত এ নিধনকে অস্বীকার করে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য এ নিধন বন্ধের দাবি জানায়। চীন এবং রাশিয়া মিয়ানমারের এ সন্ত্রাসকে অকুণ্ঠ চিত্তে সমর্থন দেয়। অবশেষে কোনো সিদ্ধান্ত বা প্রস্তাব ব্যতীতই তাদের এ নাটকের পরিসমাপ্তি ঘটে।

পরিশিষ্ট:

মিয়ানমার ও আন্তর্জাতিক বিশ্ব পরিমণ্ডল সব ক্ষেত্রে একটি মেরুকরণ। সকলের সাথে মিয়ানমারের সাহায্য-সহযোগিতা, চুক্তি-ভক্তি চলে আসছে, চলছে এবং চলতে থাকবে। আরাকানের মুসলিম নিধনে সকলেই সাহায্য করছে। কেউ এ থেকে বিরত নেই। কেউ অস্ত্র দিয়ে আর কেউ অর্থ দিয়ে, কেউবা দিচ্ছে মৌন সমর্থন। সংখ্যালঘুদের রক্ষার স্লোগান মানবতার ধ্বজাধারীদের মুখে সব সময়ই শোনা যায়। কিন্তু আমলের ক্ষেত্রে একটি নীতি বরাবরই প্রয়োগ হয়েছে, "সংখ্যালঘুদের রক্ষা অবশ্য কর্তব্য। তবে উক্ত নীতি বাক্যটি শর্ত প্রযোজ্য। শর্তটি হলো, সংখ্যালঘু মুসলিম হতে পারবে না।"

এতসব কর্মকাণ্ড, ক্রিয়া-প্রতিক্রিয়া দেখার পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীসের মর্মকথাটি পরিষ্কার হয়ে যায়- الكفر ملة واحدة "মুমিনদের বিরুদ্ধে কাফেররা এক ও অভিন্ন।" আর আরাকানের হাজার হাজার মুসলিম নিধন, লক্ষ লক্ষ মুসলিমকে ঘর ছাড়া করার কারণ আল্লাহ তাআলা নিজেই বলছেন–

الَّذِينَ أُخْرِجُوا مِن دِيَارِهِم بِغَيْرِ حَقٍّ إِلَّا أَن يَقُولُوا رَبُّنَا اللَّهُ

"তাদেরকে তাদের ঘর-বাড়ী থেকে অন্যায়ভাবে বহিষ্কার করা হয়েছে শুধু এ কারণে যে, তারা বলে, আমাদের প্রতিপালক আল্লাহ।" -সূরা হাজ্জ: ৪০

মিয়ানমারে মুসলিম হত্যার হোতারা নিজ মুখেই এ ব্যাপারটি স্বীকার করে। সুতরাং এটা পরিষ্কার যে, রোহিঙ্গা মুসলিম নিধনে বিশ্ব মোড়লদের বৌদ্ধ সন্ত্রাসীদের প্রতি পূর্ণ সমর্থন রয়েছে। যারা আশা করছে, জাতিসংঘ সহ বিশ্ব মানবাধিকারের ধ্বজাধারীরা আরাকানের পরিস্থিতি স্বাভাবিক করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে; তাদের এ আশা কেবল আশা হয়েই থাকবে। বস্তুত এরা পবিত্র কুরআন-সুন্নাহ'র সঠিক শিক্ষা সম্পর্কে যেমন অজ্ঞ, বাস্তবতা সম্পর্কেও তেমনি বেখবর।

আত্মমর্যাদাবান চিন্তাশীল ভাইদের নিকট প্রশ্ন

হে ভাই!

ঐ চেয়ে দেখো– নাফ নদের ওপারে, আজও আরাকান জুড়ে মাজলুম মুসলিমদের রক্তস্রোত প্রবাহিত হচ্ছে। হে ভাই! ঐ শোনো– তোমার মায়ের আত্মচিৎকার আর তোমার ধর্ষিতা বোনের আহাজারি? এখনো তারা তোমার পথ চেয়ে আছে। কবে আসবে আমার ছেলে? কবে আসবে আমার ভাই?

হে ভাই! তুমি কি শোনছো না তোমার মা-বোনের এ করুণ আর্তনাদ? তবে কি তুমি বধির হয়ে গেছো? নাকি নিজের আত্মমগ্নতায় না শোনারই ভান করছো? হে ভাই! তোমার চক্ষু কি অন্ধ হয়ে গেছে? নাকি নিজের ব্যস্ততায় তুমি না দেখারই ভান করছো? তোমার অন্তর কি পাথরের চেয়েও কঠিন হয়ে গেছে? তোমার হৃদয় কি মরে গেছে? আরে! পাথরও তো কখনো কখনো কাঁদে। তার বুক চিরে ঝর্ণা প্রবাহিত হয়। তাহলে কেন তোমার অন্তর বিগলিত হয় না? কেন তোমার চোখ বেয়ে অশ্রু প্রবাহিত হয় না? কেন তুমি আজও মা-বোনের ইজ্জত বাঁচাতে ছুটে আসছো না?

হে ভাই! একজন প্রতিবন্ধীর সামনে যদি কেউ তার মাকে ধর্ষণ করে, সে প্রতিবন্ধী হয়েও সর্বশক্তি দিয়ে নরপশু থেকে তার মাকে রক্ষার চেষ্টা করে; কিন্তু তুমি কি আজ প্রতিবন্ধীর চেয়েও অক্ষম হয়ে গেছো? হ্যাঁ, আমি বলবো– সত্যিই তুমি অক্ষম। কারণ, শারীরিকভাবে যে প্রতিবন্ধী; সে মূলত প্রতিবন্ধী নয়; বরং বুদ্ধি প্রতিবন্ধীই আসল প্রতিবন্ধী।

ওরা তোমার মাকে হত্যা করছে, তোমার বোনের ইজ্জত নিয়ে খেলা করছে, আর তুমি কিনা এখনো বাহানা খুঁজছো? আর কতজন মা প্রাণ দিলে তোমার আত্মমর্যাদাবোধ জেগে উঠবে? আর কত বোনের ইজ্জত লুণ্ঠিত হলে তোমার জেগে উঠার সময় হবে?

ভাই! তুমি কার অপেক্ষায় রয়েছো? তোমার মাকে রক্ষার জন্য তোমাকেই ছুটে যেতে হবে। ওরা তোমার মাকে ধর্ষণ করছে, তোমার বাবাকে হত্যা করছে আর এদিকে তুমি কোন আলেমের ফতোয়ার অপেক্ষায় রয়েছো?
তোমার ভাই মৃত্যু যন্ত্রণায় কাতরাচ্ছে আর তুমি এখনো ফতোয়া তালাশ করছো– "আমি কি আমার ভাইকে সাহায্য করতে যাবো?? আমার বোনকে আগুন থেকে উদ্ধার করতে পারবো??"

তুমি কি নামধারী কোনো মুসলিম শাসকের অপেক্ষায় রয়েছো?? তাহলে শোনো! তারা কখনো তোমার মা-বোনকে রক্ষার জন্য ছুটে আসবে না। মুসলিমদের সমর্থন অর্জন, ভোট সংগ্রহ আর স্বার্থ হাসিলের জন্যই সর্বোচ্চ তারা কিছু ত্রাণ পাঠাবে আর ফাঁকা বুলি আওড়িয়ে যাবে। হে ভাই! তোমাকেই হতে হবে প্রকৃত সাহায্যকারী, মুজাহিদ, তোমাকেই হতে হবে তারেক বিন যিয়াদ, সালাউদ্দিন আইয়ুবী আর মুহাম্মদ বিন কাসিম।

তোমার পথ চেয়ে আছি
তোমার ভাই
আব্দুল্লাহ

আমরা যদি প্রশিক্ষিত থাকতাম!

উম্মাহর এ করুণ অবস্থা দেখতে হতো না...

[সম্মানিত আসাতিযায়ে কেরামগণের খেদমতে জনৈক তালিবে ইলম-এর একখানা পত্র]

আস-সালামু আলাইকুম!

সম্মানিত আসাতিযায়ে কেরাম! বহুদূর থেকে আপনাদের খেদমতে একখানা পত্র লিখলাম। আশা করি, অধমের লেখা এ পত্রে একবার হলেও নজর বুলাবেন। আর উম্মাহর দরদে অধমের কথাগুলো সত্য মনে হলে আমাদের নিয়ে একটু ভাববেন।

আরাকানে আমাদের মুসলিম ভাই-বোনদের সাথে বর্তমানে যা ঘটে চলছে, তা আজ মুসলিম উম্মাহর কারো অজানা নয়। বর্বর বৌদ্ধদের হাতে মুসলিম হত্যাযজ্ঞের ছবি কিংবা ভিডিও চিত্রগুলো দেখে অশ্রুসিক্ত হয়ে অন্তর বিগলিত হয়নি, অন্তত দ্বীনদরদী মুসলিমদের মাঝে এমন লোক হয়তো একেবারে নেই। মুসলিমরা আজ অন্তর থেকে বৌদ্ধ জালিমদের ধ্বংসের জন্য বদ দুআ করে যাচ্ছেন। সূচির নির্মম পরিণতি দেখার অপেক্ষা করছেন। কিন্তু অধমের প্রশ্ন হলো, এসব জালিমদের ধ্বংস করার পথ কী? আর আমরা কোন পথে হাঁটছি?

সম্মানিত আসাতিযায়ে কেরাম! আমি একজন মুসলিম হিসেবে মাজলুম উম্মাহর দরদে আরাকানের চলমান পরিস্থিতি সম্পর্কে জানার চেষ্টা করে থাকি। আর যেহেতু আমি একজন তালিবে ইলম; তাই এ বিষয়টিও জানার চেষ্টা করি যে, আরাকানের উলামায়ে কেরাম, তালিবে ইলম এবং সেখানকার দ্বীনী মারকাজগুলোর কী হালাত চলছে? সেখানে কি আজও তালীম-তায়াল্লুম জারি আছে?

অনুসন্ধানে জানতে পারলাম, বর্তমান আরাকানে ওখানকার উলামায়ে কেরাম ও মাদরাসার শিক্ষার্থীদেরকেও নির্মমভাবে হত্যা করা হচ্ছে। দ্বীনদার লোকদেরকে দেখা মাত্রই হিংস্র বৌদ্ধরা গুলি করে মারছে। মাসজিদ-মাদরাসাসমূহে ওরা পেট্রল ঢেলে আগুন লাগিয়ে দিচ্ছে। পবিত্র কুরআন শরীফ ও মাদরাসার কিতাবাদিও পুড়িয়ে ফেলছে। নিরস্ত্র আলেম-উলামা আর তালিবে ইলমরা এসব কেবল চেয়ে চেয়ে দেখা ছাড়া আর কিছুই করতে পারছেন না। অল্প কিছু অস্ত্রধারী বৌদ্ধ সন্ত্রাসীর হাতে প্রাণ হারাচ্ছে, তাদের থেকেও সংখ্যায় কয়েক গুণ বেশি নিরস্ত্র মুসলমান।

আর আপনারা নিশ্চয়ই এটাও অবগত আছেন, বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা মুহাজিরদের মাঝে অনেক আলেম-উলামা ও তালিবে ইলম ভাইয়েরা রয়েছেন। আজ তারা নিরস্ত্র ও দুর্বল-শক্তিহীন হওয়ার কারণেই নিজেদের প্রিয় দ্বীনী মারকাজগুলো ছেড়ে এ দেশে পালিয়ে আসতে বাধ্য হয়েছেন। বহু কষ্ট-পরিশ্রম ব্যয় করে যেসব মাসজিদ-মাদরাসা তারা গড়েছেন, জীবনের বেশির ভাগ সময় যেখানে ইলম শেখা-শেখানোর জন্য কাটিয়েছেন; বর্তমানে তা ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। হাজার হাজার নিরস্ত্র মুরীদ এবং তাদের পীর-মাশায়েখগণ আজ কে কোথায় আছেন? একে অপরের কোনো খোঁজ-খবরই তারা জানেন

না। সবাই নিজেকে বাঁচানোর চিন্তায় মশগুল।

সম্মানিত আসাতিযায়ে কেরাম! আরাকানের এ কঠিন পরি-স্থিতি দেখে আজ খুব শঙ্কিত হয়ে পড়লাম। অদূর ভবিষ্যতে যখন মোদি-হাসিনা জোট বাংলাদেশে রাম রাজ্য প্রতিষ্ঠার মানসে সম্মিলিতভাবে হামলা শুরু করবে, তখন আমাদের প্রিয় দ্বীনী মারকাজগুলোর কী অবস্থা হবে? মাদরাসার একেকটি ভবন নির্মাণের জন্য অর্থ জোগাড়ে আমাদের কতই না কষ্ট করতে হয়েছে! আপনাদের কত যে চিন্তা-ফিকির ব্যয় হয়েছে! অথচ, এ মাদরাসাগুলোর প্রতিরক্ষার জন্য আমরা তেমন ফিকিরই করছি না। ফিকির করছি না নিজেদের প্রতিরক্ষার ব্যাপারেও। আমাদের তিন দিকেই ভারতের সীমান্ত। আমাদের উপরও যখন মোদি-হাসিনারা হামলা শুরু করবে, তখন আমরা কোথায় পালাবো? আমরা যেভাবে জিহাদের প্রশিক্ষণ ও অস্ত্র চালনাকে অবজ্ঞা করে চলছি, নিরস্ত্র হয়ে জীবনযাপন করছি। আমাদের এমন দুর্বল হয়ে থাকা কি নিজেদের জন্যই ধ্বংস ডেকে আনা নয়?

সম্মানিত আসাতিযায়ে কেরাম! আরাকানের মুসলিম মা-বোনেরা আজ নির্মম নির্যাতনের শিকার হয়ে মৃত্যুবরণ করছে। বৌদ্ধ পশুদের দ্বারা ধর্ষিত হচ্ছে। অত্যাচারিত এসব মুসলিমকে জালিমের কবল থেকে বাঁচানোর জন্য কি আমাদের উপর জিহাদ ফরয নয়? যদি ফরয হয়ে থাকে, তাহলে আমরা কি তাদের পাশে ছুটে যেতে পেরেছি? পারি নাই। কারণ জিহাদের কোনো প্রশিক্ষণই আমরা গ্রহণ করেনি। কখনো অস্ত্র পর্যন্ত ধরে দেখিনি। নির্যাতিত আরাকানীরা যেমন নিরস্ত্র, আমরাও তেমন নিরস্ত্র। এ জন্যই আমাদের মিছিল-মিটিং, লংমার্চ ইত্যাদি আন্দোলন-কর্মসূ-চিকে বৌদ্ধ সন্ত্রাসীরা কোনো তোয়াক্কাই করছে না। আমরা যদি সমস্ত নিরস্ত্র বাংলাদেশী মুসলমান মিলেও ঐক্যবদ্ধ হয়ে লংমার্চ করি, মহাসমাবেশ আর বৃহৎ মিছিল প্রদর্শন করি; তবুও জালিম সন্ত্রাসীরা একটুও ভয় পাবে না। কারণ, তারা ভালো করেই জানে, আমাদের মতো নিরস্ত্র লোকদের দ্বারা তাদের কোনো ক্ষতি সাধিত হবে না। আর সমস্ত কাফের-মুশরিক এটাই চায় যে, আমরা অস্ত্র-শস্ত্র থেকে গাফেল থাকি; যাতে তারা আমাদের সহজে নিধন করতে পারে। আল্লাহ তাআলা পবিত্র কুরআনে আমাদেরকে এ ব্যাপারে সতর্ক করেছেন–

وَدَّ الَّذِينَ كَفَرُوا لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُونَ عَلَيْكُمْ مَيْلَةً وَاحِدَةً

"কাফেররা কামনা করে, তোমরা যেন তোমাদের অস্ত্র-শস্ত্র ও আসবাবপত্র সম্বন্ধে অসতর্ক হও, যাতে তারা অতর্কিতে তোমাদের উপর ঝাঁপিয়ে পড়তে পারে।" [সূরা নিসা: ১০২]

আর আল্লাহ তাআলা উক্ত আয়াতের শেষাংশে বলেছেন–

وَخُذُوا حِذْرَكُمْ إِنَّ اللَّهَ أَعَدَّ لِلْكَافِرِينَ عَذَابًا مُهِينًا

"কিন্তু তোমরা আত্মরক্ষার সামগ্রী সঙ্গে গ্রহণ করো। নিশ্চয়ই আল্লাহ কাফেরদের জন্য অবমাননাকর শাস্তি প্রস্তুত করে রেখেছেন।"

তাই সম্মানিত আসাতিযায়ে কেরাম! বাস্তবতা পর্যবেক্ষণ করে এবার অন্তত আমাদের দ্বীনী বিদ্যাপীঠগুলোতে সশস্ত্র শক্তি অর্জনের ছবক শুরু করা হবে, এমনই আশা রাখি। আজ আমরা তালিবে ইলমরা বারবার এ আক্ষেপই করছি– আমরা যদি আরও আগ থেকে প্রশিক্ষিত থাকতাম!

আল্লাহ তাআলা তো আমাদের প্রস্তুতি গ্রহণের জন্য আদেশ করেছেন–

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ

"(হে মুমিনগণ!) তোমরা তাদের মোকাবেলা করার জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ব-ছাউনি প্রস্তুত করো। যা দ্বারা তোমরা ভীত-সন্ত্রস্ত করে রাখবে আল্লাহর শত্রু, তোমাদের শত্রু ও তাদের ছাড়া অন্যান্যদেরকে, যাদেরকে তোমরা জানো না, কিন্তু আল্লাহ জানেন।" [সূরা আনফাল: ৬০]

আমরা যদি আরও পূর্ব থেকেই এসব আয়াতের উপর আমল করতাম! তাহলে মাজলুম উম্মাহর এমন অবমাননাকর অবস্থা আমাদের দেখতে হতো না। বিশেষ করে আমাদের আরাকানী মুসলিম ভাই-বোনদের এতটা নির্মম নির্যাতন সইতে হতো না। শোনতে হতো না এত ধর্ষিতা বোনের করুণ আর্তনাদ।

আজ বারবার তিলাওয়াত করতে ইচ্ছে করছে, কুরআনের সেই আয়াতগুলো– আমাদের মাদরাসাসমূহে যেসব আয়াতের আলোচনা খুব কমই হয়ে থাকে; অথচ বর্তমান পরিস্থিতিতে এ আয়াতগুলোই আমাদের অনেক অনেক ভাবিয়ে তুলছে। পরিশেষে আমরা আপনাদের নেক দুআ কামনা করছি। আশা রাখি, আমাদের নিয়ে একটু ভাববেন।

ইতি

আপনাদের ছাত্র

আব্দুল্লাহ ইবরাহীম

প্রিয় বোন! আর কতকাল তুমি মরীচিকার পেছনে ছুটবে?

| ইউসুফ আযীয

প্রিয় বোন! এ পৃথিবীর মেকি সৌন্দর্য ও চাকচিক্যে তুমি ডুবে যেও না। মনে রেখো, এ সব সৌন্দর্যের পেছনে লুকিয়ে আছে কদর্যতা। এ সব চাকচিক্যের আড়ালে লুকিয়ে আছে অনেক নোংরামি। এ দুনিয়া স্রেফ এক মায়া-মরীচিকা। এর পেছনে যারাই ছুটবে, দুনিয়া তাদের কিছুই দিতে পারবে না। এ জীবন খেল-তামাশার নয়। জীবনের প্রতিটি মুহূর্তেরই অনেক মূল্য রয়েছে। এ ক্ষণস্থায়ী জীবনের মোহে পড়ে তুমি যদি অনন্ত আখিরাতের কথা ভুলে যাও, ভুলে যাও তোমার সৃষ্টির আসল উদ্দেশ্য; তাহলে পরকালে দুঃখের অন্ত থাকবে না। তখন দুঃখ করে কোনো লাভ হবে না। জীবনটাকে যদি আমোদ-প্রমোদ, হেলায়-খেলায় না কাটিয়ে আল্লাহর জন্য ব্যয় করতে পারো; তাহলে আল্লাহ তাআলা অবশ্যই এর উত্তম প্রতিদানম দেবেন। তাই বলছি, হে বোন! জীবনটা নিয়ে একটু ভেবে দেখো।

এই যে তোমার শরীর, রূপ, সৌন্দর্য, লাবণ্য– তা কিন্তু ক্ষণিকের জন্য। একদিন তোমার এ সৌন্দর্যে ভাটা পড়বে। ত্বকে ভাঁজ পড়বে। রূপ-লাবণ্য বিলীন হবে। তুমি একটু ভাবো তো তোমার দাদী-নানীর কথা। ডজনে ডজন বিশ্ব সুন্দরীর কথা। তারাও তো এক সময় লাবণ্যময় রূপবতী ছিল; কিন্তু তাদের সেই সৌন্দর্য, রূপ-লাবণ্য আজ কোথায়? কিছুই নেই। নশ্বর পৃথিবীর চিরন্তন সত্যের কাছে তাদের হার মানতে হয়েছে।

আজকে আমাদের সমাজে এমন অনেক বোন আছে; যাদের চাল-চলন, কথা-বার্তা, উঠা-বসা দেখলে মনে হয় দুনিয়ার রঙ্গিন নেশায় তারা একেবারে বুঁদ হয়ে আছে। এক ওয়াক্ত নামায পড়ার সময় তাদের হয় না; কিন্তু হিন্দী সিরিয়াল, নাটক-সিনেমা, ও মোবাইল ফোনে অযথা সময় ব্যয় করতে তাদের কোনো কষ্ট হয় না। সামান্য সময় আল্লাহর কালাম পড়ার মতো সময় তাদের হয় না; কিন্তু বন্ধু-বান্ধবদের সাথে ঘন্টার পর ঘন্টা ফেসবুক, ইমুতে বাজে আড্ডায় সময়ের অপব্যয় করতে তাদের কোনো কষ্ট হয় না। তাই বলছি, একটু ভাবো। এখনো ভাবার সময় আছে।

আচ্ছা বোন! তুমি কি একবারও ভেবে দেখেছো, যারা তোমাকে স্বাধীনতার কথা বলে, উন্নতি-অগ্রগতির কথা বলে, নারীর ক্ষমতায়নের কথা বলে; তাদের মূল উদ্দেশ্য কী? মূলত তুমি এ সব ভাবো না। ভাবার মতো ফুরসতও তোমার নেই। ওদের রং ছড়ানো কথায়, ওদের মুখরোচক শ্লোগানে; তুমি বিমুগ্ধ হয়ে গেছো। ওদের আকর্ষণীয়

অফারগুলো তোমার চোখের সামনে পর্দা টেনে দিয়েছে। তাই তুমি এখন বিবেকশূন্য, তুমি ভাবতে পারো না। তুমি এখন দৃষ্টিহীন, তুমি দেখতে পারো না।

নারী স্বাধীনতার কথা বলে ওরা তোমাকে ঘর থেকে বের করছে। ওদের বিকৃত বাসনা মেটানোর জন্য ওরা পথ করে নিচ্ছে। তোমার সুখের সংসারে ওরা আগুন জ্বালাচ্ছে। তোমার স্বামীর কাছে তোমাকে বিশ্বাসঘাতক করে তুলছে। আর এভাবেই তোমার জীবনের সাজানো সুন্দর স্বপ্নগুলো একসময় ভেঙে যায়। মূলত ওরা কিন্তু এটাই চায়। ওরা চায় নারীরা ওদের বিকৃত মানসিকতার জন্য সস্তা হয়ে উঠুক। তাই তো ওদের এতো কৌশল অবলম্বন। কিন্তু উপরে উপরে ওরা তোমাকে বোঝাবে উন্নতির কথা, অগ্রগতির কথা। স্বাধীনতার কথা।

প্রিয় বোন! ইসলাম নারী-পুরুষের কর্মক্ষেত্র সম্পূর্ণ আলাদা করে দিয়েছে। পুরুষ থাকবে বাহিরে। বাহিরের সকল কাজ সে আঞ্জাম দেবে। আর নারী থাকবে ঘরে। ঘরের কাজগুলো সে আঞ্জাম দেবে। সংসারের উন্নতি-অগ্রগতি, সন্তানের দেখাশোনা সহ ঘরের যাবতীয় দায়িত্ব নারীর। এটা কোনো ধর্মান্ধতা কিংবা নারীর চার দেয়ালে বন্দী হওয়া নয়। এতেই রয়েছে নারীর প্রকৃত অধিকার, উন্নয়ন, সুখ ও ক্ষমতায়ন। এর বিপরীত করে নারী যখন বাহিরে যাবে, পর পুরুষের সঙ্গে মিলে-মিশে কাজ করবে, তখনই ঘটবে যতসব বিপত্তি।

হে বোন! পর্দাব্যবস্থা ও বোরকাকে তুমি মনে করছো গোঁড়ামি, ধর্মান্ধতা ও নারীর অধিকার হরণ! আসলে তুমি ভুল করছো। নারীর প্রকৃত অধিকার কিন্তু এরই মধ্যে রয়েছে; কিন্তু তুমি বোঝো না। একজন নারীকে পর্দাব্যবস্থা নিরাপদে রাখতে পারে। তাকে সংরক্ষণ করতে পারে। পূর্ণাঙ্গ পর্দা অনুসরণ করে, বোরকা পরে একটি মেয়ে পথ চললে তাকে দেখে কোনো বখাটে শিস দেবে না। অশ্লীল মন্তব্য করবে না; বরং সম্মান করবে। শুধু বোরকা পরলেই চলবে না। বোরকাটাও তোমার এমন হতে হবে, যা সত্যিকারার্থে তোমার পর্দা রক্ষা করে। কেবল নামকে ওয়াস্তে কিংবা ফ্যাশনের জন্য কিন্তু বোরকা পরো না। পরতে হবে আল্লাহকে রাজি-খুশি করার জন্য। তুমি কি কখনো দেখেছো বা শুনেছো, পূর্ণাঙ্গ পর্দা মেনে চলা একটি মেয়ে ধর্ষণের শিকার হয়েছে? অথবা বখাটেরা তাকে উত্যক্ত করেছে? তুমি তোমার আশপাশের পরিমণ্ডলেই তাকিয়ে দেখো। বিষয়টি তোমার কাছে পরিষ্কার হবে।

প্রিয় বোন! আজ পাশ্চত্যের নারীদের মতো তোমাদের পরিধানও ছোট হয়ে আসছে। তোমরাও তাদের ন্যায় নিজেদেরকে প্রদর্শনের প্রতিযোগিতায় ব্যস্ত হয়ে পড়েছো। তোমার শরীর, তোমার সৌন্দর্য তো কেবল একজনের জন্য। সে হলো তোমার স্বামী। একজন সতী নারী তার শরীর, সৌন্দর্য কেবল স্বামীর কাছেই সঁপে দিয়ে তৃপ্তিবোধ করে। আনন্দ অনুভব করে। কিন্তু তুমি দেখো, লোভনীয় 'অফার'-এ তোমার সেই সৌন্দর্যকে আজ বিজ্ঞাপনের মডেল বানানো হচ্ছে। তোমাকে করা হচ্ছে বাজারের পণ্য। তোমাকে অর্ধ উলঙ্গ করে প্রকাশ করা হচ্ছে। তুমি কি একটি বারের জন্যও ভেবে দেখেছো, নারী কি এতটাই সস্তা যে, তার সতীত্ব বিসর্জন দিয়ে, তার মর্যাদা ক্ষুণ্ন করে ব্যবসার পণ্য চাঙ্গা করতে হবে? বাজারে এমন একটি পণ্য দেখাও, যা চাঙ্গা করার জন্য তোমার সৌন্দর্য বিলাতে হয় না?

তাই বোন! নির্জনে একটু ভাবো। ভাবতে শেখো। তুমি কোনো সস্তা পণ্য নও। তুমি কোনো পণ্যের মডেল নও। তুমি ওই কদর্য মানুষগুলোর বিলাসিতার উপকরণ নও। তোমার রূপ-লাবণ্য এভাবে তুচ্ছ করার জন্য নয়। তোমার সৌন্দর্য বাজারে বিকানোর জন্য নয়।

প্রিয় বোন! যেখানে আজ ইরাক, সিরিয়া, কাশ্মীর, আফগান, আরাকান সহ সমগ্র বিশ্বে মুসলমানরা রক্তস্রোতে ভাসছে, সেখানে কিভাবে তুমি নিজের রূপচর্চা নিয়ে মত্ত হয়ে পড়েছো? যেখানে আজ তোমার চোখের সামনেই আরাকানের হাজার হাজার বোন ধর্ষিত হয়ে মৃত্যুবরণ করছে, সেখানে কিভাবে তুমি নিজেকে প্রদর্শনের প্রতিযোগিতায় সস্তা পণ্য বানাতে ব্যস্ত হয়ে পড়েছো? যেখানে আজ সিরিয়ার বোনেরা নিজেদের ভাইদের রক্ষার্থে অস্ত্র হাতে নিয়েছে, সেখানে কিভাবে তুমি ইন্টারনেটে বন্ধু-বান্ধবদের সাথে চ্যাট করে সময় পার করছো? যেখানে কাশ্মীরে দৈনিক আমাদের ভাইদেরকে নির্মমভাবে হত্যা করা হচ্ছে, সেখানে কিভাবে তুমি ইন্ডিয়ান মুভি-নাটক দেখে দেখে দিন পার করছো?

তাই বলছি, তুমি তোমার পথ চেনো। চেনার চেষ্টা করো। আল্লাহ তাআলা তোমাকে জ্ঞান-বুদ্ধি দিয়েছেন। ভাল-মন্দ যাচাই-বাছাই করার যোগ্যতা দিয়েছেন। তুমি বোঝো, কোন পথ তোমার জন্য ভালো, আর কোন পথ তোমার জন্য খারাপ। কিসের নেশায় তুমি ছুটছো? তোমার ছোটার শেষ কোথায়? যে যৌবনকে নিয়ে তোমার এত গর্ব-অহংকার, যে যৌবন নিয়ে তুমি পাপের পসরা সাজিয়ে বসেছো, তা তোমাকে শেষ পর্যন্ত কী দেবে? মরুর মরীচিকার মতো তোমাকে ধোঁকা দেবে না তো?

প্রিয় বোন! তোমার অনেক মর্যাদা ও সম্মান রয়েছে। তুমি একজন মা। তুমি একজন বোন। তুমি একজন স্ত্রী। সর্বোপরি, তুমি আল্লাহ তাআলার একটি শ্রেষ্ঠ নেয়ামত একজন নারী। তুমিই হলে দিগ্বিজয়ী সালাহউদ্দীন আইয়ুবী, তারেক বিন যিয়াদ, মুহাম্মাদ বিন কাসিম, আবদুল্লাহ আযযাম, মোল্লা মুহাম্মাদ উমর, উসামা বিন লাদেনের মতো বীর মুজাহিদীনের মা। তোমার গর্ভেও জন্ম হতে পারে ইতিহাস খ্যাত বীরদের মতো সন্তান। তুমিও হতে পারো একজন শহীদের স্ত্রী অথবা মা। আল্লাহ তোমাকে একজন শহীদের স্ত্রী, একজন শহীদের মা হওয়ার তাওফীক দান করুন। আমীন!